

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮০৩

२. यन गंनाता সूि छे अरिम भाना (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরকম করেছেন, যা আমরা বর্ণনা করলাম

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا فَعَلَ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا وَصَفْنَاهُ

আরবী

803 ـ أَخْبَرَنَا خَالِدُ بْنُ النَّضْرِ الْقُرَشِيُّ بِالْبَصْرَةِ وَابْنُ خُزَيْمَةَ حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ: حَدَّقَنَا عَبْدُ الْأَعْلَى قَالَ: حَدَّقَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةً عَنِ الْحَسَنِ عَنْ حُضَيْنِ بْنِ الْمُنْذِرِ قَالَ: حَدَّقَنَا عَبْدُ الْأَعْلَى قَالَ: حَدَّقَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةً عَنِ الْحَسَنِ عَنْ حُضَيْنِ بْنِ الْمُنْذِرِ عَنْ مهاجر بن قنفد أَنَّهُ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يَبُولُ فَسَلَّمَ عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَنْ مهاجر بن قنفد أَنَّهُ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُو يَبُولُ فَسَلَّمَ عَلَيْهِ فَلَمْ يَرُدَ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ حَتَّى تَوَضَّا أَثُمَّ اعْتَذَرَ فَقَالَ: (إِنِي كَرِهْتُ أَنْ أَذْكُرَ اللَّهَ إِلَّا عَلَى طُهرٍ أَوْ قال: على طهارة)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: فِي هَذَا الْخَبَرِ بَيَانٌ وَاضِحٌ أَنَّ كَرَاهِيَةَ الْمُصْطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذِكْرَ اللَّهِ إِلَّا عَلَى طَهَارَةٍ كَانَ ذَلِكَ لِأَنَّ الذِّكْرَ عَلَى طَهَارَةٍ أَفْضَلُ لَا أَنَّ ذَلِكَ لِأَنَّ الذِّكْرَ عَلَى طَهَارَةٍ أَفْضَلُ لَا أَنَّ ذِكْرَ الْمَرْءِ رَبَّهُ عَلَى غَيْرِ الطَّهَارَةِ غَيْرُ جَائِزٍ لِأَنَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَذْكُرُ اللَّهَ عَلَى أَحِيانه.

الراوي: مهاجر بن قنفد االمحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 803 ا خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

৮০৩. মুহাজির বিন কুনফুয রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন এসময় তিনি পেশাব করছিলাম। তিনি তাকে সালাম দেন কিন্তু তিনি ওযূ না করা পর্যন্ত সালামের জবাব দিলেন না। তারপর তিনি ওজর পেশ করে বললেন, "আমি পবিত্রতা অর্জন ব্যতীত সালামের জবাব দেওয়া অপছন্দ করেছি।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসে স্পষ্ট বর্ণনা রয়েছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া



সাল্লাম ওযূবিহীন অবস্থায় যে যিকর করা অপছন্দ করেছেন এজন্য যে, ওযূ অবস্থায় যিকর করা উত্তম। এটা নয় যে, ওযূবিহীন অবস্থায় আল্লাহর যিকর করা নাজায়েয। কেননা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সদা সর্বদা আল্লাহর যিকর করতেন।"

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২০৬; আবূ দাউদ: ১৭; হাকিম: ১/১৬৭; মুসনাদ আহমাদ: ৪/৩৪৫; নাসাঈ: ১/৩৭; ইবনু মাজাহ: ৩৫০; সুনান বাইহাকী: ১/৯০; আত তাবারানী: ২০/২২৯; দারেমী: ২/২৭৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৬২৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুহাজির ইবনু কুনফুয (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন